অর্থ বিভাগের বিভিন্ন অনুবিভাগ ও সংস্থার কার্যাবলীঃ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ

আর্থিক ব্যবস্থাপনার চলমান সংস্কার কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়ন এবং অর্থ বিভাগের বর্তমান ভূমিকা যথাযথভাবে পালনের সুবিধার্থে অর্থ বিভাগের বিদ্যমান সাংগঠনিক কাঠামো অভ্যন্তরীণ পুনর্বিন্যাসের মাধ্যমে (কোন নতুন জনবল সৃজন ব্যতিরেকে) ১৪ ফেব্রুয়ারি ২০১০ খ্রিঃ রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ গঠন করা হয়। রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের বাজেট ও আর্থিক মঞ্জুরি অনুমোদন/সম্মতি প্রদান, মনিটরিং সেলের প্রশাসনিক কার্যাদি সম্পাদন, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসমূহের কার্যাবলী ও আর্থিক ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়, রাষ্ট্রায়ত্ত/স্ব-শাসিত/বিধিবদ্ধ সংস্থা ও অধীনস্থ অংগ প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামো পরীক্ষা-নিরীক্ষাপূর্বক পদ সৃষ্টি, পদ সংরক্ষণ, রাজস্ব বাজেটে পদ স্থানান্তর, পদ বিলুপ্তকরণ ইত্যাদি এ অনুবিভাগের অন্যতম দায়িত্ব। ২০১৯-২০ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগ কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

পদ সৃষ্টি/সংরক্ষণ/স্থানান্তর/স্থায়ীকরণ/বিলুপ্তি

- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ৫৫৪টি, ১০ম গ্রেডের ১৩৯টি, ১১-১৬ গ্রেডের ৬৪৪টি, ১৭-২০ গ্রেডের ৫৫৭টি পদসহ মোট ১,৮৯৪টি পদ সৃষ্টি করা হয়েছে;
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ১,১৮৯টি, ১০ম গ্রেডের ২৫১টি, ১১-১৬ গ্রেডের ১,২১৩টি, ১৭-২০ গ্রেডের ৩০৬টি পদসহ মোট ২,৯৫৯টি পদ সংরক্ষণ করা হয়েছে;
- বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের ১ম-৯ম গ্রেডের ৮২টি, ১০ম গ্রেডের ১৯২টি, ১১-১৬ গ্রেডের ১৪৬টি, ১৭-২০ গ্রেডের ৯৭টি পদসহ মোট ৫১৭টি পদ স্থায়ীকরণ করা হয়েছে; এবং
- আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা-২০১৮ অনুযায়ী সর্বমোট (৫১+৩১১+০+৩১৯+১,১৫৫)= ১,৮৩৬টি সেবা ক্রয়ের সম্মতি প্রদান করা হয়েছে।

যানবাহন ও অফিস সরঞ্জামাদি **সংক্রান্ত**

- প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বানিজ্য মন্ত্রণালয়, সড়ক বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং পরিবেশ ও বন মন্ত্রণালয়ের যানবাহন ক্রয়ে সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়ের টিওএন্ডই'তে গাড়ি অন্তর্ভুক্তকরণ, গাড়ি প্রতিস্থাপন ও আউটসোর্সিং এর মাধ্যমে গাড়ি ভাড়ার সম্মতি প্রদান করা হয়েছে।

আইন / বিধিমালার উপর মতামত প্রদান

- বাংলাদেশ এনার্জি রেগুলিটরি কমিশন (চেয়ারম্যান ও সদস্য) এর বেতন, ভাতা, পদমর্যাদা, জ্যেষ্ঠতা ও চাকরির অন্যন্য শর্তাদি বিধিমালা ২০১৭ এর বিষয়ে মতামত প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩ জন অবসরপ্রাপ্ত কর্মকর্তাকে অবসরোত্তর উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা ও চিকিৎসা ভাতা প্রদান বিষয়ে মতামত প্রদান করা হয়েছে; এবং
- বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশনের (বিএফডিসি) কর্মকর্তা ও কর্মচারীদের ছুটি নগদায়ন ভাতা প্রদানে মতামত প্রদান করা হয়েছে।

সম্মানী ভাতা/প্রশিক্ষণ ভাতা/কীট এলাউন্স সংক্রান্ত

- মোংলা বন্দর কর্তৃপক্ষের কর্মকর্তা-কর্মচারীদের ১ মাসের মূল বেতনের সমপরিমান অর্থ বিশেষ উৎসাহ বোনাস/সম্মানী প্রদানে সম্মতি প্রদান করা হয়েছে;
- ন্যাশনাল ডিফেন্স কোর্স-এ অংশগ্রহণকারী কর্মকর্তাদের প্রশিক্ষণ ভাতা ও কিট এলাউন্স ১২,০০০/- টাকা হতে ১৫,০০০/- বৃদ্ধিতে সম্মতি প্রদান করা হয়েছে;
- জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমী (নায়েম) এর বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার এর জন্য বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের কিট এলাউন্স ১০,০০০/- টাকা হতে ১৫,০০০/- বৃদ্ধিতে সম্মতি প্রদান করা হয়েছে;
- বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সসমূহে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণের Kit Allowance বৃদ্ধিতে সম্মতি প্রদান করা হয়েছে;
- পেট্রোবাংলা পরিচালনা পরিষদের ৩ জন বহি:পরিচালকের সম্মানীর পরিমাণ বৃদ্ধিতে সম্মতি প্রদান করা হয়েছে;
- ৮ম সংবাদপত্র মজুরি বোর্ড রোয়েদাদ বাস্তবায়ন সংক্রান্ত মনিটরিং টিমের সদস্যদের জন্য সম্মানী পুন:নির্ধারণে সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) এর চলচ্চিত্র ও টেলিভিশনের অনুষ্ঠান মূল্যায়নকারী শিক্ষার্থীদের জন্য সম্মানী নির্ধারণে সম্মতি প্রদান করা হয়েছে;
- বাংলাদেশ রাবার বোর্ডের পরিচালনা পরিষদের সদস্যদের সম্মানী ভাতা বৃদ্ধিতে সম্মতি প্রদান করা হয়েছে; এবং
- বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের বিভিন্ন সভায় উপস্থিত সদস্যগণের সম্মানী বৃদ্ধিতে সম্মতি প্রদান করা হয়েছে।

পদনাম পরিবর্তন সংক্রান্ত

- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের ক্রীড়া কলেজের হিসাব সহকারী পদের পদনাম হিসাব করণিক-এ পরিবর্তন করা হয়েছে; এবং
- মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এর 'ডিইও (কম্পিউটার সহকারী)' পদের নাম পরিবর্তন করা হয়েছে।

অন্যান্য কাজ

- রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিজস্ব আয় দ্বারা কর্মকর্তা ও কর্মচারীদের পেনশন স্কীম প্রবর্তনে অর্থ বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে;
- রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অনুবিভাগের "প্রশাসনিক ক্ষমতা অর্পণ" প্রস্তুত করা হয়েছে;
- বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৩ জন অবসরপ্রাপ্ত কর্মকর্তাকে অবসরোত্তর উৎসব ভাতা, বাংলা নববর্ষ ভাতা ও চিকিৎসা ভাতা প্রদানে মতামত প্রদান করা হয়েছে;
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত রিট পিটিশন নং-৮৪৬৯/২০১৯ এর ইংরেজি দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়েছে;
- মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত রিট পিটিশন নং-৭৮৩৯/২০১৯, ৭২৮০/২০১৯, ৮১৮৭/২০১৯ এর ইংরেজি দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়েছে;
- হাওর এলাকায় মৎস্য অবতরণ কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের হিসাবরক্ষক জনাব আসিফুল ইসলাম চৌধুরী, উম্মে কুলসুম এবং অন্যান্য কর্তৃক দায়েরকৃত রিট পিটিশন নং-৩৭২১/২০১৯ এর ইংরেজি দফাওয়ারী জবাব প্রেরণ করা হয়েছে; এবং
- তথ্য কমিশনের কর্মকর্তা ও কর্মচারীদের বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের তালিকাভুক্ত সংস্থাকরণসহ আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।